সমকাল

তারিখ 25 MAY 2016
পৃষ্ঠা ৪ কলাম ৪

# এবার বিনামূল্যে শিক্ষক নির্দেশিকা

— শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানিয়েছেন, ২০১৭ সালে সরকার প্রাক-প্রাথমিক থেকে মাধ্যমিক স্তরে বিনামূল্যে ৩৬ কোটি ৩ লাখ ১৮ হাজার ৯৭৯টি বই বিতরণ করবে। এবার বিনামূল্যের পাঠ্যপুস্তকের সঙ্গে শিক্ষকদের জন্য বিনামূল্যে এক কোটি ৩৩ হাজার শিক্ষক নির্দেশিকাও সরবরাহ করা হবে। গতকাল মঙ্গলবার জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে আয়োজিত 'বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ' সংক্রান্ত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য জানান।

শিক্ষামন্ত্রী বলেন, প্রতিবছরের মতো আগামী বছরও ১ জানুয়ারিতে সব শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেওয়া হবে। ২০১৬ সালে চার কোটি ৪৪ লাখ শিক্ষার্থীর মাঝে বিতরণকৃত এ বইয়ের পরিমাণ ছিল ৩৩ কোটি ৪৫ লাখ ১৮ হাজার ৬৩৫। তিনি বলেন, আগামী বছর প্রথমবারের মতো শিক্ষকদের জন্য বিভিন্ন বিষয়ের শিক্ষাদান পদ্ধতির ওপর মোট এক কোটি ৩৩ হাজার শিক্ষক নির্দেশিকা বিনামূল্যে বিতরণ করা হবে। প্রাথমিক পর্যায়ে এ নির্দেশিকা 'টিচার্স গাইড' এবং মাধ্যমিক পর্যায়ে 'টিচার্স কারিকুলাম গাইড' হিসেবে পরিচিতি পাবে। প্রাথমিকে মোট ৫৮ সেট ও মাধ্যমিকে ৫৭ সেট নির্দেশিকা প্রকাশ করা হবে। এসব নির্দেশিকা শিক্ষকদের ক্লাসরুমকেন্দ্রিক শিক্ষাদান কার্যক্রম আকর্ষণীয় করতে ভূমিকা রাখবে বলে তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে শিক্ষা সচিব সোহরাব হোসাইন বলেন, কারও ধর্মীয় অনুভূতিতে আঘাত আসে এমন কিছু আগামী বছর যাতে পাঠ্যপুস্তকে না থাকে, সে বিষয়ে উদ্যোগ নেওয়া হয়েছে।

এনসিটিবি চেয়ারম্যান নারায়ণ চন্দ্র সাহার সভাপতিত্বে মতবিনিময় সভায় আরও বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোল্লা জালাল উদ্দিন, এনসিটিবি সদস্য (পাঠ্যপুস্তক) ড. মিয়া ইনামুল হক সিদ্দিকী প্রমুখ।